



আন্তর্জাতিক ট্রাইব্যুনালের পরোয়ানায় গ্রেফতার সাবেক ডিআইজি নাহিদুল ইসলাম



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জারি করা গ্রেফতারি পরোয়ানার ভিত্তিতে পুলিশের সাবেক ডিআইজি ও মেহেরপুরের সাবেক পুলিশ সুপার একেএম নাহিদুল ইসলামকে ঢাকায় গ্রেফতার করেছে মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। তিনি জামায়াত নেতা তারিক মোহাম্মদ সাইফুল ইসলাম হত্যা মামলার মূল অভিযুক্ত। পুলিশের সাবেক ডিআইজি এবং মেহেরপুরের সাবেক পুলিশ সুপার একেএম নাহিদুল ইসলামকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। শুক্রবার (১২ সেপ্টেম্বর) রাতে রাজধানীর নিজ বাসা থেকে তাকে আটক করা হয়।

ডিবির এক উর্ধ্বতন কর্মকর্তা জানান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জারি করা গ্রেফতারি পরোয়ানার ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। দীর্ঘদিন ধরে তার বিরুদ্ধে তদন্ত চলছিল এবং গোপন তথ্যের ভিত্তিতে তাকে গ্রেফতার করা সম্ভব হয়। পরে নাহিদুল ইসলামকে সংশ্লিষ্ট তদন্ত কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সাবেক আমির ছমির উদ্দিনের বড় ছেলে ও জামায়াত নেতা তারিক মোহাম্মদ সাইফুল ইসলাম হত্যা মামলার প্রধান আসামি হিসেবে নাহিদুল ইসলামের নাম উঠে আসে। এ মামলার পরিপ্রেক্ষিতেই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছিল।